কবিতা/গল্প প্রকাশ

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

\- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 6 JULY 2025 , SUNDAY । ৬ জুলাই ২০২৫ , রবিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-324 PAGE । পৃষ্ঠা-4


## লোকো পাইলটের তৎপরতায় প্রাণ রক্ষা হলো বুনো হাতির



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫জুলাই: লোকো পাইলটের তৎপরতায় শনিবার আলিপুরদুয়ার থেকে শিলিগুড়িগামী রেল রুটে প্রাণ রক্ষা হলো একটি বুনো হাতির। এই রেল লাইনটি ডুয়ার্সের বনের বুক চিরে বিস্তৃত। বনের এধার থেকে ওধারে যেতে হলে বন্য প্রাণীদের রেল লাইন অতিক্রম করে যেতে হয়। রেল লাইন পারাপার করার সময় ট্র্যাকে ট্রেন চলে আসলেই দেখা দেয় বিপদ। লোকো পাইলট তৎপর না থাকলেই ঘটে দূর্ঘটনা। চলন্ত ট্রেনের ধাক্কায় প্রাণ যায় বন্য প্রাণী বিশেষ করে হাতিদের। অতীতে মাঝে মাঝেই এমন দূর্ঘটনার শিকার হতে হয়েছে বুনো হাতি থেকে বাইসন বা অন্যান্য প্রাণীদের। শনিবার দুপুরে রেল লাইন ধরে ছুটে আসছিলো সিকিম মহানন্দা এক্সপ্রেস। সেই সময় আচমকাই রেল লাইনে চলে আসে একটি বুনো হাতি, আর তা নজরে আসে লোকো পাইলটের। লোকো পাইলট রেললাইনে বুনো হাতিটিকে লাইনে দেখেই ইমার্জেন্সি ব্রেক কষে ট্রেন দাঁড় করিয়ে দেন। হাতিটি ধীরে ধীরে লাইন পেরিয়ে গেলে ফের লোকো পাইলট ট্রেন নিয়ে গন্তব্যের উদ্দেশ্যে রওনা হয়ে যান। লোকো পাইলটের এই তৎপরতাকে প্রশংসা জানিয়েছেন পশুপ্রেমী সংগঠনের সদস্যরা।

## ফাগু চা বাগানের নালা থেকে উদ্ধার বারো ফুট লম্বা অজগর, স্বস্তি চা শ্রমিক মহল্লায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৫জুলাই: জলপাইগুড়ি জেলার বানারহাট ব্লকের ফাগু চাবাগানের জলনিকাশী নালা থেকে শনিবার দুপুরে একটি বারো ফুট লম্বা অজগর সাপ উদ্ধার করলেন বন দপ্তরের কর্মীরা। এদিন চা বাগানের শ্রমিকরা সাপটিকে চা বাগানের জল নিকাশী নালায় ঘোরাঘুরি করতে দেখে খবর দেন বিন্নাগুড়ি ওয়াইল্ড লাইফ স্কোয়াড এর কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে সাপটিকে উদ্ধার করে নিয়ে যান। তারা জানান সাপটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। সাপটি ধরা পড়ায় আতঙ্ক মুক্ত হলো শ্রমিক মহল্লার শ্রমিকরা।

## প্লাস্টিক ব্যাগের ব্যবহার বন্ধের লক্ষ্যে ক্রেতা বিক্রেতাদের কাপড়ের ব্যাগ বিতরনে বিডিও



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫জুলাই: প্লাস্টিকের ব্যাগ বা থলের ব্যবহার বন্ধের লক্ষ্যে শনিবার কুমারগ্রাম ব্লকের পাগলারহাট বাজারে ক্রেতা বিক্রেতাদের মধ্যে কাপড়ের ব্যাগ বিতরন করলেন কুমারগ্রামের বিডিও রজত কুমার বলিদা। জানা গেছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন জেলায় প্লাস্টিকের ব্যাগ বা থলে ব্যবহার বন্ধের লক্ষ্যে চলতি মাসের এক তারিখ থেকে জেলার গ্রাম পঞ্চায়েত সহ বিভিন্ন স্কুলে ও হাটে বাজারে ব্যাপক প্রচার শুরু করেছে। এই প্রচারের অঙ্গ হিসাবে শনিবার কুমারগ্রামের বিডিও পাগলারহাট বাজারে প্রথমে মাইকে প্লাস্টিক ব্যাগ ব্যবহারের কুফল সম্পর্কে সকলকে সচেতন করেন ও পরে ক্রেতা বিক্রেতাদের মধ্যে কাপড়ের ব্যাগ বিতরন করে আবেদন জানান প্লাস্টিকের ব্যাগ ব্যবহার বন্ধ করতে।

## বানেশ্বরে নতুন ট্রাফিক বুথ সহ সিগন্যালিং ব্যবস্থার উদ্বোধন করলেন জেলা পুলিশ সুপার




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৫জুলাই: সড়ক নিরাপত্তা সপ্তাহের পঞ্চম দিনে কোচবিহার জেলা পুলিশের পুন্ডিবাড়ি থানার ট্রাফিক গার্ডের উদ্যোগে বানেশ্বর বটতলা মোড়ে আয়োজিত হয় সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি অনুসারে বিভিন্ন অনুষ্ঠান। শনিবার বৃক্ষরোপণের মাধ্যমে বানেশ্বরে কর্মসূচির উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। এদিন তিনি বটতলা মোড়ে নতুন ট্রাফিক বুথ সহ ট্রাফিক সিগন্যালিং ব্যবস্থার উদ্বোধন করেন। আয়োজিত হয় ছোটদের বসে আঁকো প্রতিযোগিতা সহ সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন জেলার প্রতিটি থানা এলাকায় যানবাহনে রিফ্লেক্টিভ স্টিকার লাগানোর পাশাপাশি যান বাহন চালকদের ট্রাফিক আইন মেনে গাড়ি চালানোর জন্য সচেতন করা হয় বলে জানান জেলা পুলিশ সুপার।

## জেলার কথা

# পথ নিরাপত্তা সপ্তাহের পঞ্চম দিনে চালকদের চক্ষু পরীক্ষা শিবির




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৫ জুলাই : পথ নিরাপত্তা সপ্তাহের পঞ্চম দিনে মালদহ জেলা পুলিশের দক্ষিন ট্রাফিক জোনের উদ্যোগে শনিবার আয়োজিত হয় গাড়ি চালকদের জন্য বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির। জানা গেছে রথবাড়ি মার্চেন্ট এন্ড চেম্বার অফ কমার্স ভবনে আয়োজিত এদিনের শিবিরে অভিজ্ঞ চক্ষু চিকিৎসকদের একটি দলের সহায়তায় একশ সত্তর জন চালকের চক্ষু পরীক্ষা করা হয়েছে।যাদের চশমা প্রয়োজন তাদের চশমা ও যাদের ওষুধ প্রয়োজন তাদের ওষুধ দেওয়া হয়েছে। ট্রাফিক পুলিশের পক্ষ থেকে জানানো হয় নিরাপদে গাড়ি চালানোর জন্য প্রয়োজন স্বচ্ছ দৃষ্টিশক্তি। দৃষ্টিশক্তি কম থাকলে পথ দুর্ঘটনার আশঙ্কা বৃদ্ধি পায়। এই উদ্যোগের মাধ্যমে শুধু চালকদের দৃষ্টিশক্তি পরীক্ষা নয় সকলের জন্য সড়কগুলোকে আরও নিরাপদ করে তোলার লক্ষ্য গ্রহন করা হয়েছে।

## কাগজের নৌকা

৬ জুলাই ২০২৫ , রবিবার

### অচেনা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

শীতের আবেশে কুঁয়াশা যেন ধোঁয়াশা হল ,
সব যেন লোক-চক্ষুর আড়ালে হারিয়ে গেল ,
নীলা-কাশ যেন কালো মেঘের অন্তরালে ,
অজানা আস্তানায় চলে গেল ,
কেবলই ভাবছি আকাশের কি হলো ,
বড্ড অভিমান হয়েছে , সেটা কি ভালো!
কালো মেঘ-পুঞ্জ আকাশে যেন ভাসছে ,
গোমড়ামুখো আকাশের দিকে চেয়ে ভাবি ,
চেনা রাগ উগড়ে উঠেছে ,সময়োপযোগী বলাটাই বাহুল্য ,
দুঃখ যার ,তার কাছেই থাক ,
ঘটা করে নাইবা , বাজালাম ঢাক।
হাসিমুখে কথা বলতে পারি ,
দুঃখটাকে ভাসিয়ে দাও , মেঘের আড়ালে ,
ভাসিয়ে দাও কোন এক অচিন দূরে।
কোথায় যেন চলে গেল ভুল করে ,
রেখো না মনে কিছু ,এই বিদায় বেলায় ,
'কে' কদিন আছে , দুর্ভিক্ষের দেশে জল না পেয়ে ,
চাতকের মত চেয়ে থাকে , চাতক পাখির বেশে।
সবাই যেন আজ বিচলিত ,
কি যেন- কি হয় ,কত কথা হতো ,
মন যেন মানতে চায় না , নিতে চায় না দায়।
আজ শেষ বেলায় ধুলো মেখে ,
পথ মাঝে ঘুরে বেড়াই অচেনা বেশে ,
দেখা না মেলে ভাবি বেঁচে আছি ,কি এমন দেশে।।

# চিতার হানায় আহত মহিলা চা শ্রমিক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই : চিতাবাঘের হানায় গুরুতর আহত মহিলা চা শ্রমিক। ঘটনাটি আলিপুরদুয়ার জেলার চুয়াপাড়া চা বাগানের ঘটনা আহত শ্রমিক বর্তমানে হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন। চুয়াপাড়া চা বাগানের শ্রমিক দীপমালা বানিয়া বাগানের 23 নং সেকশনে কাজ করছিল। আচমাকা চা বাগানের নালা থেকে একটি চিতাবাঘ তার উপর ঝাপিয়ে পড়ে এবং দীপমালা শরীরে বিভিন্ন জায়গায় থাবা বসায়। পরবর্তীতে চিতাবাঘ এলাকা থেকে চলে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে লতাবাড়ি হাসপাতালে নিয়ে আসে বর্তমানে হাসপাতালে তার চিকিৎসা চলছে। অবস্থা আশঙ্কাজনক। এই ঘটনায় যথেষ্ট আতঙ্কে আছে শ্রমিকরা।

# বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে পথ নিরাপত্তা সপ্তাহের কর্মসূচি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই : মহা ধুমনামে পথ নিরাপত্তা সপ্তাহ পালিত হলো ৩১ নম্বর জাতীয় সড়কের চেপানী চৌপথী এলাকায়। বেলা বারোটা নাগাদ বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে শেষ করা হয় এই পথ নিরাপত্তা সপ্তাহের কর্মসূচি। পয়লা জুলাই থেকে ৮ ই জুলাই পর্যন্ত আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করছে পুলিশ। এদিন শামুকতলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে এই কর্মসূচির আয়োজন করা হয়েছিল জাতীয় সড়কের চেপানি চৌপথী এলাকায়। কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব শামুকতলার সদ্য দায়িত্বপ্রাপ্ত ট্রাফিক ওসি বাবুল রায় প্রাক্তন ট্রাফিক ওসি অশ্বিনী কুমার বর্মন এলাকার বিশিষ্ট সমাজসেবী মদন দাস মনতোষ দেবনাথ রতন দাস সহ শতাধিক টোটো চাল ক এবং এলাকার ব্যবসায়ী থেকে শুরু করে পথ চলতি মানুষ। এদিন প্রত্যেকেই তাদের মূল্যবান বক্তব্য তুলে ধরেন এই কর্মসূচির মধ্য দিয়ে। এরপর তারা একটি শোভাযাত্রা করেন এলাকায়। মূলত টোটো চালকদের সতর্কবার্তায় দেওয়া হলো এই পথ নিরাপত্তা সপ্তাহের কর্মসূচি থেকে। বিকেল ছটার পর থেকে জাতীয় সড়কে টোটো চালানো নিয়ে নিষেধাজ্ঞা জারি হল পুলিশের পক্ষ থেকে। আগামী ৮ তারিখ পর্যন্ত চলতে থাকবে তাদের এই কর্মসূচি শামুকতলা থানা এলাকার বিভিন্ন প্রান্তে জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে।

# হাতির পায়ে পিষ্ট হয়ে মৃত্যু চা বাগানের শ্রমিকের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই : রায়ডাক ২ নদী থেকে মাছ মেরে বাড়ি ফেরার পথে হাতির সামনে পড়ে গিয়ে মৃত্যু হল এক ব্যক্তির। শনিবার বিকেল ছটা নাগাদ মৃতদেহ নিয়ে আসা হয় শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। বনকর্মীদের কাছ থেকে জানা গেছে রায়ডাক লঙ্কাপাড়া এলাকার বাসিন্দা কুমার টপ্পো রায়ডাক দু'নম্বর নদীতে মাছ মেরে ফেরার পথে টিয়ামারি জঙ্গলে এই দুর্ঘটনাটি ঘটে। বেলা দুইটা নাগাদ এমন ঘটনা ঘটার পর বিকেল সাড়ে চারটা নাগাদ তারা ওই এলাকায় গিয়ে পৌঁছায়। বন কর্মীদের কাছ থেকে জানা গেছে গভীর জঙ্গলে এমন ঘটনা ঘটায় মৃতদেহ উদ্ধার করতে অনেক সময় লেগে গেছে। বিকেল ছয়টা নাগাদ মৃতদেহ নিয়ে আসা হয়েছে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে মৃতদেহ পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। বনকর্মী দের কাছ থেকে জানা গেছে রায়ডাক চা বাগানের শ্রমিকের কাজ করতেন তিনি। তার বাড়িতে রয়েছে তিন ছেলে। যদিও এক ছেলে এই মুহূর্তে বাড়িতে নেই। রবিবার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠানো হবে ময়নাতদন্তের জন্য। তবে জঙ্গলের ভিতর মৃত্যুর ফলে সরকারি কোন সুবিধা তার পরিবারের জুটবে না। ৫২ বছর বয়স্ক ব্যক্তির মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।


RNI : WBBEN/2020/81746

# আলিপুরদুয়ারে ট্রেড ইউনিয়নের মিছিল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ জুলাই : আগামী নয় জুলাই সাধারণ ধর্মঘটের সমর্থনে আলিপুরদুয়ারে শনিবার দুপুরে মিছিল করা হল কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সমূহের পক্ষ থেকে।কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির প্রতিবাদে নয় জুলাই কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সমূহের পক্ষ থেকে সাধারণ ধর্মঘট ডাক দেওয়া হয়েছে। আজ আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন এলাকায় ট্রেড ইউনিয়নের মিছিল করা হয় মিছিলে বিভিন্ন এলাকা থেকে দলীয় কর্মীরা এসে যোগদান করেছেন। মহিলাদের উপস্থিতি ছিল মিছিলে চোখে পড়ার মতো। তবে ৯ ই জুলাই বুধবার কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের ডাকা সাধারণ ধর্মঘট কতটুকু সফল হবে তার সময়েই বোঝা যাবে।

# সরগরম ফালাকাটা , অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার , ৫ জুলাই : মল প্রক্রিয়াকরণ প্লান্ট ফালাকাটা কুঞ্জনগর বসতে চলেছে কিন্তু শুরু থেকে গ্রাম বাসী তার বিরোধিতা করে আসছে। গতকাল ও তার কাজ করতে এলে গ্রামবাসীরা বিরোধিতা করে। পরবর্তীতে বিকেলে দিকে এলাকার দুই তৃণমূল পঞ্চায়েত সদস্য অসিত কর ও অর্জুন দাস আসে। গ্রামবাসীদের অভিযোগ তৃণমূল পঞ্চায়েত অসিত কর তাদের উপর চড়াও হয় মহিলাদের লাথি , ঘুসি মারে। তৃণমূলের অভিযোগ বিজেপি গ্রামবাসীদের উসকানি দিয়ে তাদের পঞ্চায়েত সদস্য উপর আক্রমণ চালিয়েছে। দুই পক্ষ গতকাল ফালাকাটা থানায় অভিযোগ করে। শনিবার সকালে এলাকায় মিছিল করে বাজার বন্ধ করে গ্রামবাসী। এদিন সকালে পুলিশ এসে তদন্ত শুরু করে। ঐ সময় পঞ্চায়েত অনুগামী ও গ্রামবাসী এলাকায় জড়ো এবং এতে এলাকায় উত্তেজনা ছড়ায় যদিও পড়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।

# বুনো হাতির হানায় মৃত্যু মহিলার





নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ৫ জুলাই : শনিবার ভোরে শিলিগুড়ির শালুগাড়া লাগোয়া বৈকুন্ঠপুর রাজফাপড়ি এলাকায় বুনো হাতির হানায় মৃত্যু হয়েছে এক মহিলার। স্থানীয় সূত্রে জানা গেছে মহিলার নাম সুনীতা থাপা ছেত্রী (৩৫)। এদিন ভোরে দোকান খুলবেন বলে বাড়ি থেকে স্কুটি নিয়ে রওয়ানা হয়েছিলেন। পথের মাঝে এক বুনো হাতি তাকে আক্রমন করে। সুনীতা দেবি ঘটনাস্থলেই মারা যান। স্কুটিটিও ভাংচুর করে বুনো হাতিটি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান শালুগাড়া রেঞ্জের বন কর্মীরা এবং ভক্তিনগর থানার পুলিশ। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। স্থানীয়দের অভিযোগ বন দপ্তরের নজরদারির গাফিলতির দিকে। তারা জানান জঙ্গল লাগোয়া এই এলাকায় দুএক দিন বাদে বাদেই হাতির আগমন ঘটে। হাতির হানায় বাড়িঘরের ক্ষতি হয় কিন্তু এই প্রথম কেউ মারা গেলো। বন দপ্তরের নজরদারির অভাব আছে। তাদের দাবি এলাকায় হাতির হানা প্রতিরোধে বন দপ্তর যথাযথ ব্যবস্থা গ্রহন করে এলাকাবাসীর নিরাপত্তার ব্যবস্থা করুক। জানা গেছে মৃতার স্বামী সেনা কর্মী , ভিন রাজ্যে কর্মরত। তার একটি পুত্র ও একটি কন্যা সন্তান বর্তমান। খবর পেয়ে মৃতার স্বামী বাড়ির উদ্দ্যেশ্যে রওনা হয়েছেন। এই ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।